**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
প্লট নং: ই-৬/সি
শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
টেলিফোনঃ +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্সঃ +৮৮০২৫৫০০৭১০৬

**বিজ্ঞপ্তি**
তারিখঃ ০১ সেপ্টেম্বর ২০২২

ডিপজিটরি আইন**,** ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এর ধারা ১৭ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা**,** ২০০৩ এর **নিম্নোক্ত** খসড়া সংশোধনীর উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহবান করিতেছে।

প্রস্তাবিত সংশোধনীর উপর মতামত, পরামর্শ বা আপত্তি উহা সংবাদপত্রে প্রকাশিত হইবার তারিখ হইতে দুই সপ্তাহের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইলো।

মতামত, পরামর্শ বা আপত্তি প্রেরণের ঠিকানা:
চেয়ারম্যান
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও
শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
ই-মেইল: chairman@sec.gov.bd এবং প্রতিলিপি: farzana.yeasmin@sec.gov.bd

**প্রস্তাবিত খসড়া সংশোধনী**
তারিখঃ ................

নং-বিএসইসি/সিএমআরআরসি/- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এর ধারা ১৭ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর নিম্নরূপ সংশোধন প্রস্তাব করিল, যথাঃ-

১। প্রবিধি ৩০ এর উপ-প্রবিধি (৬) এর দফা (খ) অংশের শেষ লাইনে এক বছরের জন্য নবায়ন ফি বাবদ অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে,

**"টাকা ২,০০,০০০" শব্দ ও সংখ্যা "টাকা ৫০,০০০:" শব্দ, সংখ্যা ও কোলন (:) দ্বারা প্রতিস্থাপিত হইবে।"**

২। প্রবিধি ৩০ এর উপ-প্রবিধি (৬) এর দফা (খ) এর শেষে নিম্নোক্ত শর্তাংশ সংযোজিত হইবে,

**"তবে শর্ত থাকে যে, অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে নবায়ন ফি টাকা ৫০,০০০ আগস্ট ২২, ২০২১ তারিখ হইতে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।"**